13

দৈনিক ইত্তেফাক

তারিখ ...27 APR 1996
পৃষ্ঠা ২ কলাম ৬

## বাধ্যতামূলক কোচিং

মাধ্যমিক স্কুলসমূহে কোচিং এবং মাধ্যমিক পরীক্ষার্থীদের নিকট হইতে নির্ধারিত ফিয়ের চাইতে বেশী টাকা নেওয়া যাইবে না বলিয়া সরকারী নির্দেশ থাকা সত্ত্বেও খোদ রাজধানীর মগবাজার বালিকা উচ্চ বিদ্যালয়ে দশম শ্রেণীতে উঠার পরে ছাত্রীদের নিকট হইতে বাধ্যতামূলকভাবে প্রতিমাসে তিনশত টাকা করিয়া কোচিং ফি আদায় করা হইতেছে। কোন মেয়ে কোচিং-এ অংশগ্রহণ না করিলেও মাধ্যমিক পরীক্ষার সময় সম্পূর্ণ বছরের কোচিং ফি আদায় করা হয়, যাহার কোন রিসিপ্ট পর্যন্ত দেওয়া হয় না। স্বামীর পেনশন ও আমার সামান্য বেতনে আমাদের সংসার চলে। তাই আমার তিনটি মেয়ের বেলায় আমাকে গহনা বিক্রয় করিয়া কোচিং-এর টাকা যোগাড় করিতে হইয়াছে। এখন সর্বকনিষ্ঠা মেয়ে, যে দশম শ্রেণীর ছাত্রী তাহাকে বলা হইয়াছে কোরবানীর পরে স্কুল খোলার সাথে সাথে পাঁচ মাসের কোচিং ফি পনের শত টাকা অবশ্যই দিতে হইবে।

আমার মত অসংখ্য অভিভাবক ও অভিভাবিকা আছেন যাহাদের পক্ষে কোচিংয়ের নামে মোটা অংকের টাকা দেওয়া মোটেই সম্ভব নয়। তাই এ ব্যাপারে আশু ব্যবস্থা গ্রহণের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট আবেদন জানাইতেছি।

—জামিলা হামিদ, শান্তিনগর, ঢাকা।